"সেবার মাধ্যমে এগিয়ে
যাওয়াই প্রকৃত কল্যাণ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
www.wewb.gov.bd

**বিষয়: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ হামিদুর রহমান<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| তারিখ ও সময় | : | ২৭ ডিসেম্বর ২০২৩; সকাল-১০.০০ টা |
| স্থান | : | বোর্ডের সম্মেলন কক্ষ 'অমর একুশে' (লেভেল-১০) |
| সভায় উপস্থিত সদস্যদের তালিকা | : | পরিশিষ্ট "ক" |

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) সমন্বয়ে অবহিতকরণ সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে বোর্ডের চলমান কার্যক্রমসহ সেবা সম্পর্কিত বিভিন্ন তথ্যাদির বিষয়ে আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | অংশীজন/ প্রতিষ্ঠানের নাম | আলোচনা | মতামত/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | সহকারী পরিচালক<br>ডিইএমও, ঢাকা | ডিইএমও, ঢাকা এর সহকারী পরিচালক জনাব জান্নাতুল ফেরদৌস বলেন বিদেশগামী কর্মীদের বিভিন্ন জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) হতে Pre-departure Orientation (PDO)-তে ব্রিফিং প্রদানকালে বোর্ডের কার্যক্রম সম্পর্কে অবহিত করা হয়। রেইস প্রকল্পের আওতায় ৩০টি জেলায় ওয়েলফেয়ার সেন্টারের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণ উক্ত ওরিয়েন্টেশনে অংশগ্রহণ করে বোর্ডের কার্যক্রম সম্পর্কে কর্মীদের অবহিত করছেন মর্মে মতামত ব্যক্ত করেন। | ওয়েলফেয়ার সেন্টারের সহকারী পরিচালক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ (PDO) তে অংশগ্রহণপূর্বক কল্যাণ বোর্ডের সেবাসমূহের বিষয়ে বিদেশগামী কর্মীদের অবহিতকরণের ধারা অব্যাহত রাখবেন। | সহকারী পরিচালক/ ভারপ্রাপ্ত কর্মকর্তা, জেলা ওয়েলফেয়ার সেন্টার (সকল) |
| ২. | ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশন (আইওএম) | ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশন (আইওএম) এর প্রতিনিধি জনাব লুবনা ফারজানা বোর্ডের সেবা কার্যক্রম মাঠ পর্যায়ে প্রচারের জন্য অনুরোধ জানান। এই প্রচারের ফলে দালাল অথবা মধ্যসত্বভোগী ছাড়াই প্রবাসী কর্মী ও তাদের পরিবার বিদেশ গমণ করতে পারবেন এবং কল্যাণ বোর্ডের সেবা গ্রহণ করতে পারবেন। তিনি আরও বলেন, বিদেশগামী কর্মীদেরকে বিদেশ গমনের প্রাক্কালে সংশ্লিষ্ট দেশের ভাষা, নিয়ম-কানুন সম্পর্কে অবহিত করা প্রয়োজন। | প্রবাসী কর্মী ও তাদের পরিবারের দোড়গোড়ায় বোর্ডের বিভিন্ন সেবা কার্যক্রম পৌঁছে দেয়ার লক্ষ্যে প্রচারের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। বিদেশগনেচ্ছু কর্মীদেরকে বিদেশ গমনের প্রাক্কালে সংশ্লিষ্ট দেশের ভাষা, নিয়ম-কানুন সম্পর্কে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) হতে Pre-departure Orientation (PDO) এ ধারণা দেয়ার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক/ ভারপ্রাপ্ত কর্মকর্তা, জেলা ওয়েলফেয়ার সেন্টার/ডিইএমও (সকল) |
| ৩. | উম্মে আয়শা, এইচএসসি, ঢাকা কমার্স কলেজ-এর শিক্ষার্থী<br>(শিক্ষাবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী) | শিক্ষাবৃত্তি প্রাপ্ত ঢাকা কমার্স কলেজ এর ছাত্রী উম্মে আয়শা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে শিক্ষাবৃত্তি পেয়ে অনেক উপকৃত হয়েছেন মর্মে অবহিত করে তিনি বলেন যে, বৃত্তি পাওয়ায় তিনি ও তার পরিবার সামাজিকভাবে সম্মানিত হয়েছেন। এ বৃত্তির অর্থের পরিমান ও সংখ্যা বৃদ্ধি করলে আরও অনেক শিক্ষার্থী উপকৃত হবেন মর্মে তিনি মতামত ব্যক্ত করেন। | শিক্ষাবৃত্তির এ ধারা অব্যাহত রাখতে হবে এবং বৃত্তির পরিমান ও সংখ্যা ভবিষ্যতে বৃদ্ধির বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (আইআরপি) |
| ৪. | আইএলও<br>(প্রতিনিধি) | আইএলও এর প্রতিনিধি জনাব মুসাররাত মেহজাবীন ৩০টি জেলায় রেইস প্রকল্প বাস্তবায়নে ওয়েলফেয়ার | রেইস প্রকল্পের আওতায় বিদেশ ফেরত কর্মীদের আর্থিকভাবে স্বচ্ছল করার লক্ষ্যে | প্রকল্প পরিচালক (রেইস) |

"সেবার মাধ্যমে এগিয়ে
যাওয়াই প্রকৃত কল্যাণ"

| ক্রম | অংশীজন/ প্রতিষ্ঠানের নাম | আলোচনা | মতামত/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | সেন্টার মাঠ পর্যায়ে কাজ করায় তিনি সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন বিদেশ প্রত্যাগত কর্মীগণ অনেক ক্ষেত্রে দেশে এসে সম্মান পায় না এবং সামাজিক ও মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়েন। এক্ষেত্রে রেইস প্রকল্পের আওতায় বিদেশ প্রত্যাগত কর্মীদের মাঠ পর্যায়ে প্রশিক্ষণসহ আর্থিকভাবে স্বচ্ছল করার বিষয়ে পদক্ষেপ গ্রহণে তিনি অনুরোধ জানান। | রি-এন্ট্রিগ্রেশন কার্যক্রম স্বচ্ছতা/ জবাবদিহিতার সাথে বাস্তবায়ন করতে হবে। | |
| ৫. | জনাব লিপি আক্তার (প্রবাসে মৃত কর্মীর স্ত্রী) (আর্থিক অনুদান) | আর্থিক অনুদান প্রাপ্ত প্রবাসে মৃত কর্মীর স্ত্রী জনাব লিপি আক্তার বলেন সৌদিআরবে তার স্বামী মৃত্যুবরণ করেন। মৃত্যুজনিত কারণে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে ৩,০০,০০০/- টাকা আর্থিক অনুদানের অর্থ যথাসময়ে কোন প্রকার হয়রানী ছাড়া তার ব্যাংক হিসাবে প্রেরণ করায় তিনি সন্তোষ প্রকাশ করেন । | দ্রুততার সাথে সরাসরি ব্যাংক হিসাবে অনুদানের অর্থ প্রেরণের এ ধারা অব্যাহত রাখতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) |
| ৬. | জনাব মোঃ ফরিদ উদ্দিন (মৃত প্রবাসী কর্মী গিয়াস উদ্দিন এর ভাই) মৃত্যুজনিত ক্ষতিপূরণের অর্থ গ্রহণকারী | সৌদিআরবে মৃত কর্মী গিয়াস উদ্দিন এর ভাই জনাব মোঃ ফরিদ উদ্দিন বলেন, তার ভাইয়ের মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া পাওনাদি/ইন্সুরেন্স বাবদ আদায়কৃত অর্থ যথাসময়ে পেয়েছে। তিনি আরও বলেন, স্বল্প সময়ে বোর্ড হতে বিইএফটিএন এর মাধ্যমে ক্ষতিপূরণের অর্থ ব্যাংক একাউন্টে জমা করা হয়েছে। তিনি বোর্ডের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। | প্রবাসে মৃত কর্মীর মৃত্যুজনিত কারণে ক্ষতিপূরণ/বকেয়া পাওনাদি/ইন্সুরেন্স বাবদ আদায়কৃত অর্থ মৃতের পরিবারের অনুকূলে দ্রুততম সময়ে বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) |
| ৭. | জনাব কাজী মোস্তফা (প্রতিবন্ধী ভাতা গ্রহীতা) | প্রতিবন্ধী ভাতা গ্রহণকারী জনাব কাজী মোস্তফা প্রতিবন্ধী ভাতা প্রদানের বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, আর্থ-সামাজিক প্রেক্ষাপট বিবেচনায় প্রতিবন্ধী সন্তানদের প্রশিক্ষণ প্রদানসহ এ ভাতার পরিমাণ মাসিক ১,০০০/- টাকা হতে আরো বাড়ানো হলে প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানগণ বেশি উপকৃত হবে। | প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের প্রতিবন্ধী ভাতা বৃদ্ধিসহ প্রশিক্ষণ প্রদানের বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (আইআরপি) |

২.০ সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭।১২

**(মোঃ হামিদুর রহমান)**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি

নম্বর: ৪৯.০৪.০০০০.২২১.১৮.০০৩.২৩-২১৮

তারিখ: ১২ পৌষ ১৪৩০ / ২৭ ডিসেম্বর ২০২৩

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩। উপ-পরিচালক (সকল)/সিস্টেম এনালিষ্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
৪। জনাব ..............................................................., সদস্য/সদস্য সচিব, জাতীয় শুদ্ধাচার কমিটি, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
৫। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
৬। অফিস নথি।